



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৬৯৪

তারিখঃ ৩০/১০/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৮৬ তম কমিশন সভা অদ্য ৩০/১০/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অধ্যকার সভায় ১০ (দশ) বছর মেয়াদি SEML IBBL Shariah Fund-এর প্রসপেক্টাস অনুমোদিত হয়েছে। উক্ত মিউচুয়াল ফান্ডের লক্ষ্যমাত্রা হচ্ছে ১০০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৫০ কোটি টাকা এবং প্রি-আইপিও (Pre-IPO) প্লেসমেন্ট এর ২৫ কোটি টাকা ইতোপূর্বে উত্তোলন করা হয়েছে এবং বাকি ২৫ কোটি টাকা সকল বিনিয়োগকারীর জন্য বরাদ্দ রাখা হয়েছে যা প্রাথমিক গণপ্রস্তাব (IPO)-এর মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক যথাক্রমে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড (IBBL) এবং স্ট্র্যাটেজিক ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড (SEML)। ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)।
২. সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ জনমত জরিপ শেষে কিছু পরিমার্জন ও সংশোধন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন পেয়েছে; যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশিত হবে।



মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।